Md. Anwar Hossain
Administrator

BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/৯৯

তারিখঃ ১২ মে, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর সংশোধন প্রসঙ্গে।**

সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগ (কাস্টমস) কর্তৃক জারীকৃত এস.আর.ও নং-১১৮-আইন/২০২৫/০৮-কাস্টমস, তারিখঃ ০৭/৫/২০২৫ইং।

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্ণিত এস.আর.ও থেকে গুরুত্বপূর্ণ বিষয়সূহ আপনাদের সদয় জ্ঞাতার্থে তুলে ধরা হলোঃ

- নতুনভাবে অনুমোদিত সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ অনধিক ২৪ (চব্বিশ) মাস করা হয়েছে।
- নতুনভাবে অনুমোদিত ফ্রি জোন বন্ডেড ওয়্যার হাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যার হাউসে সংরক্ষণের মেয়াদ ২৪ (চব্বিশ) মাস করা হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত এস.আর.ও. টি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

১২/০৫/২০২৫

**মোঃ আনোয়ার হোসেন**
প্রশাসক

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মে ৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১১৮-আইন/২০২৫/০৮-কাস্টমস**।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(ক) দফা (গ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) ও (চ) সংযোজিত হইবে, যথা :—

"(ঙ) সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস ;


**মূল্য :** টাকা ৪.০০

(চ) ফ্রি জোন বণ্ডেড ওয়্যারহাউস কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd